

# করোনাভাইরাস (COVID-19)

## মুক্তি দেওয়া ফলো-আপ কর্মসূচি



আপনি হাসপাতাল ছেড়ে চলে যাওয়ার জন্য প্রস্তুত।  
আমাদের দল আপনার যত্ন নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

পরবর্তী 21 দিনে আপনি যা আশা করতে পারেন, সেগুলি এখানে দেওয়া হয়েছে।

### ফলো-আপ কল

আপনি হাসপাতাল ছেড়ে যাওয়ার পরে আপনার খোঁজখবর নেওয়ার জন্য একজন পরিচর্যা স্থানান্তর (Transition of Care) নার্স আপনাকে দুবার ফোন করবেন। আপনি ছাড়া পাওয়ার কয়েক দিন পরে প্রথম ফোনটি পাবেন, এবং দ্বিতীয় ফোনটি পাবেন প্রায় এক সপ্তাহ পরে, যাতে নিশ্চিত হওয়া যায় যে আপনার আরোগ্যে অগ্রগতি হচ্ছে।

**MyChart** ব্যক্তিগতকৃত ও সুরক্ষিত অনলাইন অ্যাক্সেস প্রদান করে, যাতে আপনার স্বাস্থ্য সম্বন্ধে তথ্য পরিচালনা ও গ্রহণ করা যায় এবং এটি আপনার পরিচর্যা প্রদানকারীর সঙ্গে যোগাযোগের একটি গেটওয়ে। অ্যাকাউন্ট তৈরি করার জন্য আপনাকে যে 10 অংকের সক্রিয়করণ কোডটি দেওয়া হয়েছিল সেটি ব্যবহার করুন। তারপরে MyChart সাইনআপ পাতাটি দেখুন <https://mychart.mountsinai.org/mychart/accesscheck.asp>

### ফলো-আপ ভিডিও সাক্ষাৎ

আপনার ডাক্তারের সঙ্গে দেখা করাকে আরও সহজ ও নিরাপদ করে তোলার জন্য আমরা অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করছি। সুতরাং, আমাদের পরিচর্যা প্রদানকারীদের সঙ্গে বেশির ভাগ ফলো-আপ সাক্ষাৎকে ভিডিও বা টেলিফোনের মাধ্যমে সাক্ষাৎ হিসেবে সূচিভুক্ত করা হচ্ছে। আপনার ভিডিও সাক্ষাৎটি সম্পূর্ণ করার জন্য আপনার অবশ্যই একটি MyChart অ্যাকাউন্ট থাকতে হবে।

### প্লাজমা দান

আপনার বয়স যদি 18 থেকে 65 বছর হয়, SARS-CoV-2 এর জন্য পরীক্ষার ফল পজিটিভ হয়ে থাকে, এবং সম্পূর্ণ আরোগ্যলাভ করে থাকেন, তাহলে আপনি প্লাজমা দান করার জন্য যোগ্য হতে পারেন, যা অন্যদের COVID-19 এর চিকিৎসা করতে বা তা প্রতিরোধ করতে সাহায্য করতে পারে। আমাদের স্ক্রিনিং-পূর্ব প্রশ্নমালাটি সম্পূর্ণ করতে, অনুগ্রহ করে QR কোডটি স্ক্যান করুন।



### আরো তথ্যের জন্য:

ইমেল: [SinaiPlasmaDonation@mountsinai.org](mailto:SinaiPlasmaDonation@mountsinai.org)  
দেখুন: [mountsinai.org/SinaiPlasmaDonation](http://mountsinai.org/SinaiPlasmaDonation)

